দৈনিক বাংলা

তারিখ 20 JUL 1991
পৃষ্ঠা ৮ কলাম ২

১৩২

# চট্টগ্রাম ভার্সিটি সন্ত্রাসমুক্ত করতে প্রশাসনের হস্তক্ষেপ দাবী

চট্টগ্রাম, ১৯শে জুলাই (বাসস)।– চাকসু, আপসু ও কয়েকটি হল ইউনিয়নের নেতৃবৃন্দ ক্যাম্পাসে নতুন করে সমস্যা সৃষ্টি রোধ করতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসবাদী গ্রুপের হাত থেকে মুক্ত করার জন্য প্রশাসনের

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

হস্তক্ষেপ দাবী করেছেন।

নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে বলেন যে শিক্ষক ও ছাত্র নেতৃবৃন্দ যখন অস্থায়ী প্রেসিডেন্ট ও চ্যান্সেলর বিচারপতি সাহাবুদ্দীন আহমদের নির্দেশে ক্যাম্পাসে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনার চেষ্টা করছেন তখন সংগ্রামী ছাত্র ঐক্য পরিষদের ব্যানারে একটি সন্ত্রাসবাদী গ্রুপ কালো পতাকা উত্তোলন এবং ভিসির অফিস তালাবদ্ধ করে দেয়াসহ তাদের পুরনো কৌশলে ফিরে গেছে।

ছাত্র নেতৃবৃন্দ বহিষ্কৃত ছাত্রদের ক্যাম্পাসে প্রবেশ বন্ধ, ছাত্রনেতা ফারুকুজ্জামান ফারুকের হত্যাকারী-দের শাস্তি ও ক্যাম্পাসে অস্ত্রধারীদের গ্রেফতারের দাবী জানান।

ক্যাম্পাসে শান্তি ফিরিয়ে আনার জন্য তারা সহযোগিতার হাত প্রসারিত করার জন্য শিক্ষক ও অভিভাবকদের প্রতিও আহ্বান জানিয়েছেন।